যুগান্তর

তারিখ 05 MAR 2008
পৃষ্ঠা ৩ কলাম ২

# অর্থনৈতিক উন্নয়ন নির্ভর কর

## শিক্ষা সম্পর্কিত সম্মেলনে অর্থ উপদেষ্টা

যুগান্তর রিপোর্ট

অর্থ উপদেষ্টা ড. এবি মির্জা আজিজুল ইসলাম বলেছেন, কোন দেশের প্রাথমিক শিক্ষার মানের ওপর সেদেশের অর্থনৈতিক উন্নয়ন নির্ভর করে। কিন্তু বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) শিক্ষা খাতের উন্নয়ন প্রকল্পগুলোর বাস্তবায়ন চিত্র সন্তোষজনক নয়। শিক্ষা মন্ত্রণালয় অর্থ ব্যয় করতে পারছে না। মঙ্গলবার শিক্ষায় সুশাসন শীর্ষক তিন দিনব্যাপী সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে অর্থ উপদেষ্টা একথা বলেন। একই অনুষ্ঠানে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর হুয়া দু মানসম্পন্ন শিক্ষক নিয়োগে প্রাইমারি শিক্ষা ক্যাডার তৈরি করার প্রস্তাব করেন।

পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলন কে
সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে আরও ব
রাখেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা রা
কে. চৌধুরী, এশীয় উন্নয়ন ব্যাংকের (এ
কান্ট্রি ডিরেক্টর হুয়া দু, প্রাথমিক ও গণ
সচিব মোশাররফ হোসেন প্রমুখ।

অর্থ উপদেষ্টা ড. এবি মির্জা আজিজুল ই
বলেন, শিক্ষা খাতের উন্নয়নে শিক্ষা ও
মন্ত্রণালয়কে একযোগে কাজ করতে হবে।
খাতে বরাদ্দ বৃদ্ধির পাশাপাশি মানসম্পন্ন শি
নিয়োগ করতে হবে। শিক্ষার মান পড়ে যা

উন্নয়ন : পৃষ্ঠা ২ : কলাম ৮

## উন্নয়ন : অর্থনৈতিক

(৩য় পৃষ্ঠার পর)

পেছনে শিক্ষা ব্যবস্থায় রাজনীতিকরণ ও বাণিজ্যিকীকরণকেই দায়ী করেছেন তিনি।

অর্থ উপদেষ্টা বলেছেন, তাইওয়ান, সিঙ্গাপুর, হংকংয়ের মতো দেশ প্রাকৃতিক সম্পদনির্ভর না হয়ে শুধু মানবসম্পদের উন্নতি করে অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করেছে। তিনি বলেন, দেশের শিক্ষা ব্যবস্থাসহ সব যায়গায় সুশাসনের অভাব রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের বিল্ডিং নির্মাণ, নিয়োগ প্রক্রিয়া, পদোন্নতি সব ক্ষেত্রেই রাজনৈতিক হস্তক্ষেপ রয়েছে। কোচিং সেন্টারের দাপটে শিক্ষা ব্যবস্থা বাণিজ্যিক পণ্য হয়ে গেছে। এছাড়া শিক্ষকদের মধ্যে শিক্ষা উন্নয়নের অঙ্গীকার নেই। তিনি আরও বলেন, শিক্ষা অফিসার কিংবা শিক্ষকদের মাঝে কোন জবাবদিহিতা নেই। এছাড়া অর্থ ব্যয়েও স্বচ্ছতা নেই।

প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা রাশেদা কে চৌধুরী বলেন, শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূর করতে সমন্বিত উদ্যোগ দরকার। শিক্ষা খাতে আরও বিনিয়োগ বাড়ানো দরকার। সুশীল সমাজসহ সবার সম্মিলিত উদ্যোগে একটি মনিটরিং ব্যবস্থা গড়ে তুলতে হবে। শিক্ষা খাতে অর্থ কোথায় ব্যয় হচ্ছে তা খুঁজে বের করা দরকার। তিনি বলেন, প্রয়োজনে শিক্ষা আইন করা যেতে পারে। স্বচ্ছ প্রক্রিয়ায় শিক্ষক নিয়োগ দিতে হবে। অনানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার দিকে গুরুত্ব দিতে হবে।

এডিবির কান্ট্রি ডিরেক্টর হুয়া দু বলেন, মানসম্পন্ন শিক্ষক নিয়োগে প্রাইমারি শিক্ষা ক্যাডার তৈরি করা যেতে পারে। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা উন্নয়নে সরকার ও সুশীল সমাজের পাশাপাশি উন্নয়ন সহযোগীরাও এগিয়ে আসবে। শিক্ষা ব্যবস্থা উন্নয়নে স্থানীয় সরকার পর্যায়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে। স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের মাধ্যমে শিক্ষা ব্যবস্থার